দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# কৃষিশিক্ষা

মডেল টেস্ট- ০১

## ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. নিচের কোন পোকাটি পাট গাছের জন্য ক্ষতিকর?**
ক) মাজরা পোকা খ) চেলে পোকা
গ) বাদামি গাছ ফড়িং ঘ) পামরি পোকা

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
তাসফি নদীর ধারে একটি জমিতে আলুর চাষ করে আসছিলেন। প্রথম দিকে তার জমি থেকে আশানুরূপ ফলন পেলেও বর্তমানে তার জমির ফলন কমে যাচ্ছে। তিনি এ বিষয়ে কৃষি কর্মকর্তার সাথে পরামর্শ করেন। কৃষি কর্মকর্তা তাকে জমির ঢালু অংশে ভালোভাবে আল তৈরির পরামর্শ দেন।

**২. তাসফির জমির ফলন কমে যাওয়ার কারণ–**
i. জমির উর্বরতা হ্রাস ii. জৈব পদার্থের অভাব iii. মাটির অনুন্নত গঠন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. কৃষি কর্মকর্তা তাসফিকে জমিতে আল তৈরির পরামর্শ দেওয়ার কারণ কোনটি?**
ক) জমির উর্বরতা নিয়ন্ত্রণ খ) জমির ভূমিক্ষয় রোধ
গ) ফসলের উৎপাদন বৃদ্ধি ঘ) মাটির গঠনের উন্নয়ন

**৪. কোন মাটিতে এমওপি সার দুই কিস্তিতে প্রয়োগ করতে হয়?**
ক) বেলে খ) দোআঁশ গ) এঁটেল ঘ) পলিমাটি

**৫. ইউরিয়া মোলাসেস ১০ কেজি খড় তৈরির জন্য ১০ লিটার পানিতে কী পরিমাণ ইউরিয়া মেশাতে হবে?**
ক) ১ কেজি খ) ৭৫০ গ্রাম গ) ৫০০ গ্রাম ঘ) ২৫০ গ্রাম

**৬. পাট বীজ বপনের সময় কখন?**
ক) মধ্য জানুয়ারি-মধ্য ফেব্রুয়ারি খ) মধ্য ফেব্রুয়ারি-মধ্য এপ্রিল
গ) মধ্য এপ্রিল-মধ্য মে ঘ) মধ্য মে-মধ্য জুন

**৭. ধানের টুংরো রোগ প্রতিরোধী জাত কোনটি?**
ক) বিআর-৩ খ) বিআর-১৪ গ) বিআর-১৬ ঘ) বিআর-২৪

**৮. ২ শতক জমিতে পালংশাক চাষ করতে কী পরিমাণ গোবর সার দিতে হবে?**
ক) ৪০ কেজি খ) ৬০ কেজি গ) ৮০ কেজি ঘ) ১২০ কেজি

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষক কামরুল তার ৩০ শতক জমিতে বোরো ধান চাষ করেন। ফুল আসার পর একদিন সে তার জমির কিছু স্থানে দেখল, ধান পুড়ে যাওয়ার রং ধারণ করে মরে আছে। ব্লক সুপারভাইজার দেখে বলল, এক ধরনের পোকা ধানের গোড়ায় রস শোষণ করায় এমন হয়েছে। তিনি প্রতিকারের পরামর্শ দিলেন।

**৯. কামরুলের জমিতে কোন পোকার আক্রমণ হয়েছে?**
ক) মাজরা পোকা খ) বাদামি গাছ ফড়িং
গ) গলমাছি ঘ) গান্ধিপোকা

**১০. পোকাটি দমনে কামরুল যা ব্যবহার করবে তা হলো–**
i. কার্বোফুরান ৩ জি ii. ডায়াজিনন ১৪ iii. কার্বোফুরান ১০ জি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১১. এক শতক বীজতলায় কী পরিমাণ ধানের বীজ বপন করতে হবে?**
ক) ১ কেজি খ) ২ কেজি গ) ৩ কেজি ঘ) ৪ কেজি

**১২. কলার কোন তেউড় রোপণের জন্য সবচেয়ে ভালো?**
ক) পানি তেউড় খ) অসি তেউড়
গ) মূলগ্রন্থি তেউড় ঘ) মুকুট তেউড়

**১৩. গোলাপের কোন জাতটি দুই রঙের হয়?**
ক) রানী এলিজাবেথ খ) ব্লাক প্রিন্স
গ) আইক্যাচার ঘ) মিরিন্ডা

**১৪. শিমের বীজ বপনের সময় কখন?**
ক) মধ্য জুন-সেপ্টেম্বর খ) মধ্য আগস্ট-অক্টোবর
গ) মধ্য সেপ্টেম্বর-নভেম্বর ঘ) মধ্য অক্টোবর-ডিসেম্বর

**১৫. গরম আবহাওয়ায় পাট পচতে কতদিন সময় লাগে?**
ক) ৭-১০ খ) ১২-১৪ গ) ১৫-২০ ঘ) ২০-২৫

**১৬. কোন মাটি ধান চাষের জন্য সবচেয়ে ভালো?**
ক) এঁটেল ও এঁটেল দোআঁশ মাটি খ) এঁটেল মাটি
গ) এঁটেল দোআঁশ মাটি ঘ) দোআঁশ মাটি

**১৭. কৃষকের ভাষায় কত সে.মি. গভীর স্তরকে মাটি বলা হয়?**
ক) ১০–১২ খ) ১৫–১৮ গ) ২০–২৪ ঘ) ২৫–৩০

**১৮. ধানের বীজ বাছাইয়ের জন্য কোনটি ব্যবহার করা হয়?**
ক) ইউরিয়া খ) এগ্রোসান এম
গ) দোআঁশ মাটি ঘ) বেলে দোআঁশ মাটি

**১৯. উঁচু, সুনিষ্কাশিত যে মাটিতে সব ধরনের শাক-সবজি ভালো হয়, তা হলো–**
i. দোআঁশ মাটি ii. বেলে দোআঁশ মাটি iii. পলি দোআঁশ মাটি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২০. আলু চাষের জন্য মাটির উপযুক্ত অম্লমান বা পিএইচ (pH) মান কত?**
ক) ৬.০–৭.০ খ) ৭.০–৮.০
গ) ৮.০–৯.০ ঘ) ৯.০–১০.০

**২১. কোন পোকার আক্রমণে ধান গাছের পাতা পিঁয়াজ পাতার মতো হয়ে যায়?**
ক) মাজরা পোকা খ) পামরি পোকা গ) গলমাছি ঘ) গান্ধিপোকা

**২২. নিচের কোনটি ভূমিক্ষয়ের কারণ নয়?**
ক) বৃষ্টিপাত খ) ভূমির ঢাল
গ) জাবড়া প্রয়োগ ঘ) মাটির প্রকৃতি

**২৩. কৃষির যত কাজ আছে তন্মধ্যে গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
ক) জমি তৈরি খ) সার প্রয়োগ
গ) সেচ দেওয়া ঘ) আগাছা দমন

**২৪. পাটের রোগগুলো হলো–**
i. কালো পট্টিরোগ ii. শুকনা ক্ষত রোগ iii. কাণ্ডপচা রোগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৫. ২৩ সেন্টিমিটারের চেয়ে ছোট আকারের ইলিশ মাছকে কী বলে?**
ক) বড় পোনা খ) চারা পোনা গ) জাটকা ঘ) নলা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড | 1 | 3 | 4 |

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ফুয়াদ সচেতন কৃষক। তিনি লালতীর বীজ কোম্পানীর কাছ থেকে উন্নত জাতের ধানের বীজ সংগ্রহ করেন। বীজগুলোর আর্দ্রতা পরীক্ষা করার জন্য তিনি ১০০ গ্রাম বীজ নিয়ে বীজের আর্দ্রতা বের করে ওজন নিয়ে ৮৯ গ্রাম ওজন পেলেন। এরপর অঙ্কুরোদগম ও সতেজতা পরীক্ষা করে তিনি ধানের চাষ করে কাঙ্ক্ষিত ফলন পান।

ক. বীজ প্রক্রিয়াজাতকরণ কাকে বলে? ১

খ. বীজ শুকানো প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. বীজের আর্দ্রতার শতকরা হার নির্ণয় করো। ৩

ঘ. ফুয়াদের কার্যক্রমটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

২। খালেক ১০টি গাভি নিয়ে একটি খামার গড়ে তোলেন। স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তা খালেককে খৈলের বিকল্প হিসেবে এক বিশেষ ধরনের খাদ্য খাওয়ানোর পরামর্শ দেন এবং এর উৎপাদন ও খাওয়ানোর কৌশল শিখিয়ে দেন।


ক. সম্পূরক খাদ্য কাকে বলে? ১

খ. মাছের খাদ্যের গুণগতমান ভালো হওয়া আবশ্যক কেন? ২

গ. উপর্যুক্ত উদ্দীপকে উল্লেখিত বিশেষ খাদ্য খালেক কীভাবে উৎপাদন করেন বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে কৃষি কর্মকর্তার দেওয়া পরামর্শটি মূল্যায়ন করো। ৪

৩।



চিত্র : ক

ক. হামপুলিং কাকে বলে? ১

খ. বীজ আলুর হামপুলিং করা প্রয়োজন কেন? ২

গ. ৪০ শতক জমিতে উপর্যুক্ত বংশ বিস্তারক উপকরণটি উৎপাদনে সারের পরিমাণ ও প্রয়োগ পদ্ধতি বর্ণনা করো। ৩

ঘ. বংশবিস্তারক উপকরণ হিসেবে চিত্রে উল্লেখিত ফসল শ্রেণির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪। কৃষিবিদ খালিদ তাঁর বাড়ির পাশের ৫ শতক পুকুরে বিভিন্ন জাতের কার্প মাছের পোনা মজুদ করেন। সঠিকভাবে পুকুর প্রস্তুতি, মাছের প্রাকৃতিক খাদ্য পরীক্ষা ও পোনা ছাড়ার মাধ্যমে তিনি এক বছরের মধ্যেই ভালো ফলন পেয়ে আর্থিকভাবে লাভবান হলেন।

ক. কারেন্ট জাল কী? ১

খ. পুকুরে মাছের পোনা ছাড়ার পূর্বে শোধন করে নিতে হয় কেন? ২

গ. খালিদ তার পুকুরে প্রাকৃতিক খাদ্যের উপস্থিতি কীভাবে পরীক্ষা করবেন? বর্ণনা করো। ৩

ঘ. খালেদের লাভবান হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৫। কাশেম মিয়া ধান চাষী। তিনি তার ধানের জমিতে এক ধরনের বিশ্রী গন্ধ পেলেন। অতঃপর কৃষি কর্মকর্তার শরণাপন্ন হলে, কৃষি কর্মকর্তা কাশেম মিয়াকে বললেন, এক ধরনের পোকার আক্রমণ হয়েছে এবং পোকার দমন ব্যবস্থাও বুঝিয়ে বললেন। এতে করে কাশেম মিয়ার ধানের উৎপাদন আশানুরূপ হলো।

ক. রেশন কী? ১

খ. ধানের বীজতলা তৈরির জন্য কীরূপ জমি নির্বাচন করা প্রয়োজন। ২

গ. কাশেম মিয়ার জমিতে কোন পোকার আক্রমণ হয়েছে? এর ক্ষতির লক্ষণ বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পোকাটির দমন পদ্ধতি বিশ্লেষণ করো। ৪

৬। আজিম ১ একর জমিতে কলা চাষ করেন। তিনি একদিন লক্ষ করলেন কিছু কলাগাছের পাতা বোঁটার কাছে ভেঙ্গে ঝুলে যাচ্ছে। তিনি উপজেলা কৃষি কর্মকর্তার সাথে দখা করে পরামর্শ চাইলেন। কৃষি কর্মকর্তা তাঁকে উক্ত রোগের কারণ, লক্ষণ ও প্রতিকার সম্পর্কে বিস্তারিত পরামর্শ দিলেন।

ক. "রানী এলিজাবেথ" কোন ফসলের জাত? ১

খ. গোলাপ ফুলের কুড়ি ছাঁটাই করা প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে উল্লেখিত রোগের কারণ ও লক্ষণ বর্ণনা করো। ৩

ঘ. উপর্যুক্ত রোগ দমনে কৃষি কর্মকর্তার পরামর্শ বিশ্লেষণ করো। ৪

৭। নাদিম উপজেলা মৎস্য অফিসের তত্ত্বাবধানে মাছ চাষের উপর প্রশিক্ষণ নেন। এরপর তিনি বাড়ির পাশের ২০ শতক আয়তনের পুকুরটি সঠিকভাবে সংস্কার করে পাবদা ও গুলশা মাছের চাষ শুরু করেন। মাছকে নিয়মিত পরিচর্যাসহ সম্পূরক খাদ্য প্রয়োগ করায় প্রথম বছরেই নাদিম বেশ লাভবান হন।

ক. ক্যাটফিশ কাকে বলে? ১

খ. হাঁসকে জলজ পাখি বলা হয় কেন? ২

গ. নাদিমের পুকুরে মাছের জন্য ১০ কেজি পরিমাণ সম্পূরক খাদ্য তালিকা তৈরি করো। ৩

ঘ. নাদিমের কার্যক্রমটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৮।



চিত্র : ক



চিত্র : খ

ক. ভেষজ উদ্ভিদ কাকে বলে? ১

খ. ভেড়া পালন লাভজনক কেন? ২

গ. চিত্র ক এবং চিত্র খ উদ্ভিদের ভেষজ ব্যবহার লেখো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে উপর্যুক্ত চিত্রের উদ্ভিদগুলোর প্রয়োজনীয়তা, জনপ্রিয়তা ও সম্ভাবনা মূল্যায়ন করো। ৪

মডেল টেস্ট- ০২

# মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ভূমিক্ষয়ের প্রধান কারণ হলো–**
i. বৃষ্টিপাত ii. ঘূর্ণিবাত্যা iii. নদীর স্রোত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২. **বীজের আর্দ্রতা কত হলে অঙ্কুরোদগম শুরু হয়?**
ক ১৮–৪০% খ ২৪–৫০% গ ৩৫–৬০% ঘ ৪০–৬০%

৩. **পোকামাকড়সমূহ কত তাপমাত্রায় খুব ভালো জন্মাতে পারে?**
ক ১৩–১৮° সে. খ ১৫–২৪° সে.
গ ৩৫–৬০° সে. ঘ ২৬–৩০° সে.

৪. **মাটির বৈশিষ্ট্য বলতে বোঝায়–**
i. মাটির শ্রেণি ii. জৈব পদার্থের মাত্রা iii. pH মাত্রা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **কার্প জাতীয় মাছের সুষম সম্পূরক খাদ্যে শতকরা কত ভাগ ফিসমিল থাকে?**
ক ৮–১১ খ ১০–২১ গ ২৮–৩০ ঘ ৪৫–৫৩

৬. **শুষ্ক অ্যালজিতে শতকরা কতভাগ চর্বি থাকে?**
ক ২০–২২ খ ২২–২৮ গ ২৫–৩০ ঘ ৫০–৭০

৭. **কোনটি উদ্ভিদভোজী মাছ?**
ক তেলাপিয়া খ সরপুঁটি গ মৃগেল ঘ রুই

৮. **গোল আলুর লেইট ব্লাইট রোগ দেখা দেয়–**
i. নিম্ন তাপমাত্রায় ii. উচ্চ তাপমাত্রায় iii. কুয়াশাচ্ছন্ন আবহাওয়ায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. **মাছ চাষের জন্য পুকুরের পানিতে কতটুকু অক্সিজেন থাকা প্রয়োজন?**
ক ৫ মিলিগ্রাম/লি খ ৭ মিলিগ্রাম/লি
গ ৯ মিলিগ্রাম/লি ঘ ১২ মিলিগ্রাম/লি

১০. **পুকুরের সকল স্তরে বিচরণ করে কোন মাছ?**
ক রুই খ কাতলা গ তেলাপিয়া ঘ সিলভার কার্প

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
রুমা তার বাড়ির দক্ষিণ পাশে ১২ শতকের একটি পুকুর মাছ চাষের জন্য প্রস্তুত করে। সে তার পুকুরে উপযুক্ত মাত্রায় সার ও চুন প্রয়োগ করে। পোনা ছাড়ার পর দেখা গেলো অধিকাংশ পোনাই মারা গিয়েছে।

১১. **রুমার পুকুরে কত কেজি চুন প্রয়োগ করতে হবে?**
ক ১৫ কেজি খ ২০ কেজি গ ২৪ কেজি ঘ ৩০ কেজি

১২. **পুকুরের পোনা মারা যাওয়ার কারণ–**
i. পানির তাপমাত্রার পার্থক্য ii. অক্সিজেনের ভিন্নতা
iii. ক্ষতিকারক পরজীবীর আক্রমণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **ইলিশ প্রজনন ক্ষেত্রগুলোতে প্রতি বছর কখন ইলিশ ধরা নিষিদ্ধ?**
ক ১–১৫ অক্টোবর খ ৫–২০ অক্টোবর
গ ১–২১ অক্টোবর ঘ ১৫–২৪ অক্টোবর

১৪. **সাইলেজ প্রস্তুত করতে ব্যবহৃত হয়–**
i. ভুট্টা ii. সরগাম iii. সবুজ খেসারি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. **BRRI কর্তৃক ধানের এ পর্যন্ত কতটি উফশী জাত উদ্ভাবিত হয়েছে?**
ক ৫৮টি খ ৬৮টি গ ৭৮টি ঘ ৮৮টি

১৬. **পাটের তোষা জাত কোনটি?**
ক ও-৯৮৯৭ খ এইচ সি-২ গ এইচ সি-৯৫ ঘ এইচ এস-২৪

১৭. **বাংলাদেশে সরিষার শতক প্রতি ফলন কত?**
ক ৩–৩.৫ কেজি খ ৪–৪.৫ কেজি
গ ৫–৫.৫ কেজি ঘ ৬–৬.৫ কেজি

১৮. **পালংশাকের জাত হলো–**
i. পুষা জয়ন্তী ii. সবুজ বাংলা iii. কণি পালং
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. **শিং ও মাগুর মাছের বৈশিষ্ট্য হলো–**
i. এদের অতিরিক্ত শ্বসনতন্ত্র থাকে
ii. এরা বাতাস থেকে অক্সিজেন নিতে পারে
iii. এরা সর্বভুক্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

□ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
হোসেনপুর গ্রামের হোসেন সাহেব তার বাগানে ১০০টি আনারসের চারা রোপণ করেছেন। ভালোভাবে যত্ন নেওয়ায় আনারসের ফলন খুব ভালো হয়েছে।

২০. **হোসেন সাহেব তার জমিতে কতটুকু এমওপি সার প্রয়োগ করেছিলেন?**
ক ২–৩ কেজি খ ২.৫–৩.৫ কেজি
গ ৩–৪ কেজি ঘ ৩.৫–৪.৫ কেজি

২১. **উক্ত ফসলটি চাষের জন্য সবচেয়ে ভালো–**
i. মুকুট স্লিপ ii. ভুঁয়ে চারা iii. পার্শ্ব চারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২২. **প্রসবের কতদিন পর্যন্ত গাভি শাল দুধ দেয়?**
ক ৫–৭ দিন খ ৬–৮ দিন গ ৭–১০ দিন ঘ ১০–১৫ দিন

২৩. **ঔষধ তৈরির কাজে কোন বাঁশ ব্যবহৃত হয়?**
ক নলি বাঁশ খ মরাল বাঁশ
গ সোনালী বাঁশ ঘ বরাক বাঁশ

২৪. **পাগলের চিকিৎসায় কোনটি ব্যবহার করা হয়?**
ক সর্পগন্ধা খ কালোমেঘ গ তুলসী ঘ ঘৃতকুমারী

২৫. **ধানের টুংরো রোগ প্রতিরোধী জাত হলো–**
i. চান্দিনা ii. মুক্তা iii. দুলাভোগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড | 1 | 3 | 4 |

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। হেলাল ও দুলাল দুই বন্ধু তাদের নিজস্ব ৫০ শতক আয়তনের একটি পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্র চাষ করেছেন। তারা পুকুরে ৩ কেজি পোনা ছেড়ে ৬ মাসে ১৬০ কেজি সম্পূরক খাদ্য প্রয়োগ করে ১৫৫ কেজি মাছ পেলেন।

ক. ফসল উৎপাদনের প্রধান মাধ্যম কী? ১
খ. জমিতে কম্পোস্ট সার ব্যবহারের সুবিধাগুলো লেখো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত পুকুরের FCR এর মান নির্ণয় করো। ৩
ঘ. হেলাল ও দুলালের পুকুরে প্রয়োগকৃত খাদ্যের মান FCR এর ভিত্তিতে মূল্যায়ন করো। ৪

২। কৃষিশিক্ষা বিষয়ের শিক্ষক আলাল স্যার নবম শ্রেণিতে পাঠদানকালে ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেন। ভূমিক্ষয় রোধকল্পে তিনি বিশেষ কিছু পদ্ধতির উপর জোর দেন। তারপর বলেন 'আস্তরণ ভূমিক্ষয়, রিল ভূমিক্ষয় এবং গালি ভূমিক্ষয় মূলত একই ভূমিক্ষয়ের ৩টি ধাপ।

ক. মিল্ক রিপ্লেসার কী? ১
খ. সাইজেল ব্যবহারের সুবিধাগুলো লেখো। ২
গ. আলাল স্যারের আলোচিত পদ্ধতিগুলো ভূমিক্ষয় রোধে কীভাবে সহায়তা করে? ৩
ঘ. আলাল স্যারের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৩। জাটকা ধরার অপরাধে জনৈক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করে নিয়ে গেছে। জিজ্ঞাসাবাদে সে জানায়, ইলিশ অভয়াশ্রম সংরক্ষণ ও ইলিশ প্রজনন ক্ষেত্রে সংরক্ষণ আইন ঐ ব্যক্তির জানা ছিল না। সংসারে অভাব-অনটনও এর একটি কারণ ছিল। বিষয়টি জানানোর পর সে প্রতিজ্ঞা করল আর কোনোদিন জাটকা ধরবে না। এরপর তার কাছ থেকে জরিমানা আদায় করে ছেড়ে দেওয়া হলো।

ক. বেনথোস কী? ১
খ. হামপুলিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত আইনগুলোতে কী বলা হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. উক্ত আইন বাস্তবায়নের ইতিবাচক দিকগুলো আলোচনা করো। ৪

৪। রহমান স্যার তার শিক্ষার্থীদেরকে ব্যবহারিক ক্লাসের অংশ হিসেবে স্কুলের পাশে একটি পুকুরে নিয়ে মাছের প্রাকৃতিক খাদ্য উপস্থিতির বিভিন্ন বিষয় শেখালেন। রহমান স্যার তার শিক্ষার্থীদের আরও বলরেন, পুকুরে বিশেষ নিয়মে পোনা ছাড়তে হয়।

ক. লালন পুকুর কাকে বলে? ১
খ. আদর্শ পুকুরের পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত মাছের প্রাকৃতিক খাদ্য উপস্থিতির পরীক্ষা বর্ণনা করো। ৩
ঘ. পুকুরে পোনা ছাড়ার যে বিশেষ নিয়মের কথা উদ্দীপকে বলা হয়েছে– তা বিশ্লেষণ করো। ৪

৫। শিহাব একজন প্রান্তিক চাষি। সে প্রতিবছর তার জমিতে ধান চাষ করেন কিন্তু এ বছর তিনি ঐ জমিতে ধান ও গলদা চিংড়ি একসাথে চাষের সিদ্ধান্ত নেন। এজন্য তিনি জমিতে মাছ চাষের জন্য প্রয়োজনীয় কাজগুলো সম্পন্ন করেন।

ক. সমন্বিত চাষ কী? ১
খ. হাঁস ও মাছের সমন্বিত চাষে পুকুরে মাছের অক্সিজেনের অভাব হয় না কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে আলোকে শিহাবের জমিতে প্রয়োজনীয় কাজগুলো বর্ণনা করো। ৩
ঘ. শিহাবের সিদ্ধান্তটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৬। হাশেম খান ৮০ বর্গমিটার জায়গায় ধানের বীজতলা তৈরি করে এবং বীজ বপন করে। ধানের চারা বৃদ্ধির এক পর্যায়ে সে লক্ষ করল যে, চারাগুলো প্রায় হলদেটে হয়ে যাচ্ছে। তাই পরিমাণ মতো ইউরিয়া সার প্রয়োগ করে, তবুও অবস্থার পরবর্তন হয় না, তাই সে কৃষি কর্মকর্তার পরামর্শ গ্রহণ করে এবং অন্য আরেক ধরনের সার প্রয়োগ করে উপকৃত হয়। চারা পরিণত হলে শুকনোবীজতলা হতে সংগ্রহ করে আঁটি বেঁধে বাজারে বিক্রি করতে গেলে ক্রেতাগণ চারার শিকড়জনিত ত্রুটি আছে বলে অর্ধেক মূল্যে ক্রয়ের প্রস্তাব করেন।

ক. কোন ধরনের জমিতে ধান ফসল ভালো হয়? ১
খ. ধান বীজ বপনের পূর্বে ইউরিয়া মিশ্রিত পানিতে ডুবিয়ে নিতে হয় কেন? ২
গ. হাশেম খান তার উক্ত জমিতে সর্বশেষ যে সার প্রয়োগ করেছিল তা নির্ণয় করো। ৩
ঘ. হাশেম খানের চারার বাজারমূল্য অর্ধেকে নেমে আসার প্রেক্ষাপট মূল্যায়ন করো। ৪

৭। তোরাব আলী ধান চাষ করে লাভবান না হওয়ায় কৃষি কর্মকর্তার পরামর্শ মোতাবেক তার ৪৫ শতাংশ উঁচু জমি কলা চাষের জন্য তৈরি করেন। অতঃপর পানি সেচ ও অন্যান্য সকল পরিচর্যা এবং রক্ষণাবেক্ষণ যথাযথভাবে সম্পন্ন করেন।

ক. বারিকলা-২ এর অপর নাম কী? ১
খ. অসি তেউড় ও পানি তেউড়ের মধ্যে পার্থক্য লেখো। ২
গ. তোরাব আলীর কলা চাষে সার প্রয়োগ পদ্ধতি ও সারের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. তোরাব আলীর উদ্যোগটির লাভবান হওয়ার সম্ভাবনা বিশ্লেষণ করো। ৪

৮। অমিত একজন দরিদ্র কৃষক। তার কোনো নিজস্ব জমি নেই। আছে একটি বাড়ি এবং বাড়ির পেছনে সামান্য উঁচু জায়গা। অমিতের এক প্রতিবেশী তাকে বাড়ির পেছনের উঁচু জায়গায় বাঁশঝাড় তৈরির পরামর্শ দিল।

ক. আম কোন অঞ্চলের ফসল? ১
খ. ভেষজ উদ্ভিদের দুইটি বৈশিষ্ট্য লেখো। ২
গ. প্রতিবেশী কেন অমিতকে বাঁশঝাড় তৈরির পরামর্শ দিল বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উদ্ভিদটির ব্যবহার ক্ষেত্রগুলো বর্ণনা করো। ৪

**মডেল টেস্ট- ০৩**

# মুকুল নিকেতন স্কুল, ময়মনসিংহ

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. ধানের বীজতলায় সালফারের অভাব হলে কোন সার প্রয়োগ করতে হয়?**
ক) গোবর খ) জৈব সার
গ) জিপসাম ঘ) ইউরিয়া

**২. এটম-৩৮ কোন জাতের পাট?**
ক) দেশি খ) কেনাফ
গ) বিদেশি ঘ) তোষা

**৩. রাই সরিষার জীবনকাল কত দিন?**
ক) ৭০৯-৮০ খ) ৯০-১০০
গ) ১০০-১২০ ঘ) ১২০-১৩০

**৪. শরৎ কোন ফসলের জাত?**
ক) গম খ) বেগুন
গ) সরিষা ঘ) মাসকলাই

**৫. ডিম বেগুন কোন মৌসুমের জাত?**
ক) শীত খ) গ্রীষ্ম গ) বর্ষা ঘ) বারমাসি

**৬. গোলাপ গাছের রোগ কোনটি?**
ক) ডাইব্যাক খ) স্টেমরুট গ) মোজাইক ঘ) বিটল

**৭. আনারস চাষের জন্য সবচেয়ে ভালো–**
i. ভুঁয়ে চারা ii. পার্শ্বচারা iii. মুকুট চারা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৮. মোচা আসার পর প্রতি গাছে কয়টি তেউড় রাখতে হয়?**
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি

**৯. হাঁসের জাত হলো–**
i. খাকি ক্যাম্পবেল ii. ফাইওমি iii. ইন্ডিয়ান রানার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
খেতে অত্যন্ত সুস্বাদু একটি মাছ, যা আঁইশবিহীন, ১৫-৩০ সেমি লম্বা, মুখের সামনের দিকে দু'জোড়া লম্বা গোঁফ থাকে।

**১০. উক্ত মাছটির নাম কী?**
ক) পাবদা খ) ফলি গ) কই ঘ) আইড়

**১১. মাছটির দৈহিক বৈশিষ্ট্য হলো–**
i. রং উপরিভাগে ধূসর রূপালি ii. পেটের দিক সাদা
iii. অতিরিক্ত শ্বসনতন্ত্র আছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. অর্জুনের কাঁচা পাতার রস কোন রোগের উপশম করে।**
ক) অর্শ খ) জন্ডিস
গ) কাশি ঘ) আমাশয়

**১৩. আমের মোরব্বা তৈরি পর্যায় কয়টি?**
ক) ১টি খ) ২টি গ) ৩টি ঘ) ৪টি

**১৪. কোন দেশে বাঁশকে উর্বরতার প্রতীক মনে করা হয়?**
ক) চীন খ) ভারত
গ) বাংলাদেশ ঘ) নেপাল

**১৫. বাছুরের রোগ কোনটি?**
ক) রানীক্ষেত খ) জোয়ালকান্দা
গ) স্কায়ার ঘ) তড়কা

**১৬. হে তৈরিতে সবচেয়ে ভালো কোনটি?**
ক) লিগিউম খ) ভুট্টা গ) পারা ঘ) মস

**১৭. ডিম পাড়া হাঁসের রেশন কত সপ্তাহ বয়স থেকে দিতে হয়?**
ক) ১০ খ) ১৫ গ) ২০ ঘ) ২৫

**১৮. হাঁস মুরগির ঘর কোন মুখী হলে ভালো হয়?**
ক) পূর্ব খ) পশ্চিম গ) উত্তর ঘ) দক্ষিণ

**১৯. কী ব্যবহার করে মাছ মারা যাবে না?**
ক) জাল খ) বঁড়শি
গ) বিস্ফোরক ঘ) সোমিথিয়ন

**২০. পুকুরের কোন স্তরে দ্রবীভূত অক্সিজেন খুব কম থাকে?**
ক) উপরের স্তরে খ) মধ্যস্তরে
গ) নিচের স্তরে ঘ) সব স্তরে

**২১. রোগিং করা হয়–**
i. ফুল আসার সময় ii. ফুল আসার আগে
iii. পরিপক্ব পর্যায়ে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২২. বীজের আর্দ্রতা কত হলে অঙ্কুরোদগম শুরু হয়?**
ক) ৪০-৬০% খ) ৩৫-৬০%
গ) ২৫-৪০% ঘ) ৪৫-৬০%

**২৩. নিচের কোনটি ভূমিক্ষয়ের জন্য সবচেয়ে ক্ষতিকর?**
ক) বায়ু খ) বৃষ্টি
গ) গরু ছাগল পালন ঘ) জুম চাষ

**২৪. কোনটি চাষের জন্য মাটি ঝুরঝুরে হওয়া প্রয়োজন?**
ক) মুলা খ) তুলা গ) ধান ঘ) পান

**২৫. পাহাড়ি ও পাদভূমি অঞ্চল কততম কৃষি পরিবেশ অঞ্চল?**
ক) ১৩ খ) ২০ গ) ২৫ ঘ) ৩০

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড 1 3 4

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সেলিম পাঁচটি গর্ভবর্তী গাভি নিয়ে একটি খামার গড়ে তোলেন। স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তা সেলিমকে খৈলের বিকল্প হিসেবে অ্যালজি খাওয়ানোর পরামর্শ দেন এবং উৎপাদন ও খাওয়ানোর কৌশল শিখিয়ে দেন।

ক. কন্টোর পদ্ধতি কাকে বলে? ১
খ. অ্যালজি একটি সম্ভাবনাময় পুষ্টিকর খাদ্য কেন? ২
গ. সেলিম তার গাভির খাদ্য কীভাবে তৈরি করবেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার দেওয়া পরামর্শের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২। মন্টু মিয়া তাঁর উঁচু জমিতে ধান চাষ করে আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হন। স্থানীয় কৃষি কর্মকর্তা জমির মাটি পরীক্ষা করে বলরেন, এ মাটি ধান চাষের উপযোগী নয়। তিনি এ মাটিতে গম চাষের পরামর্শ দেন।

ক. অ্যালজি কী? ১
খ. ভূমিক্ষয়ের প্রধান কারণ ব্যাখ্যা করো। ২
গ. মন্টু মিয়া জমিতে ধান চাষ করতে পারবেন না কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. কৃষি কর্মকর্তার পরামর্শটির যথার্থতা মূল্যায়ন করো। ৪


৩। পাঠান সাহেব কৃষিশিক্ষা ক্লাসে এক ধরনের ভূমিক্ষয়ের কথা বলেন যাতে ঢাল বরাবর লম্বা আকৃতির রেখা সৃষ্টি হয় এবং এটি অন্য একটি ভূমিক্ষয়ের ২য় ধাপ। এরপর তিনি এ ধরনের ভূমিক্ষয়ের কারণ ও রোধের উপায় ব্যাখ্যা করেন।

ক. বাংলাদেশের পার্বত্য অঞ্চলে কীরূপ ভূমিক্ষয় দেখা যায়? ১
খ. গোল আলু ও টমেটো চাষের মধ্যে কী মিল রয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লেখিত ভূমিক্ষয়ের কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উল্লেখিত প্রকারের ভূমিক্ষয় রোধের উপায় বিশ্লেষণ করো। ৪

৪। আলেয়া মুরগি পালনের জন্য ৫০টি মুরগি ক্রয় করে পারিবারিকভাবে খামার স্থাপন করল। পশুসম্পদ কর্মকর্তা আলেয়াকে বাচ্চাগুলো যখন মাঝারি এবং ডিম পাড়া পর্যায়ে আসবে তখন শর্করা সামান্য কমিয়ে খাদ্য তালিকায় অন্য একটি গুরুত্বপূর্ণ উপাদানের শতকরা হার বাড়ানোর জন্য পরামর্শ দেন। তা নাহলে ডিম উৎপাদন ব্যাহত হবে।

ক. রুই মাছ কোন স্তরের খাবার খায়? ১
খ. রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. আলেয়ার মুরগির বাচ্চাগুলো ডিম পাড়া পর্যায়ে আসলে প্রতি সপ্তাহে কী পরিমাণ খাদ্য প্রয়োজন হবে তা লেখো। ৩
ঘ. পশু কর্মকর্তার পরামর্শ লেয়ার মুরগি পালনে বিশেষ গুরুত্ব বহন করে কি-না তা বিশ্লেষণ করো। ৪

৫।



ক. ধানী পোনা কাকে বলে? ১
খ. দ্রুত মুনাফা পেতে কোন ধরনের মুরগির খামার করা উচিত? ২
গ. চিত্রের বীজ কীভাবে সংগ্রহ ও সংরক্ষণ করা যায় ব্যাখ্যা করো। ৩
ঘ. বংশ বিস্তারক উপকরণ হিসেবে চিত্রে উল্লেখিত ফসল শ্রেণির গুরুত্ব আলোচনা করো। ৪

৬।

নিরাপদ আশ্রয়
↓
মৎস্য আইন → মৎস্য অভয়াশ্রম ← অবাধ প্রজনন

ক. কৃষকের ভাষায় মাটি কী? ১
খ. প্লাংকটন বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের বিষয়টির প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও বেকার সমস্যা সমাধানে উদ্দীপকের বিষয়টি মূল্যায়ন করো। ৪

৭।



চিত্র : ১ চিত্র : ২ চিত্র : ৩

ক. শাকসবজি কাকে বলে? ১
খ. সরিষা বীজ বপনের সময় বালি বা ছাই মিশাতে হয় কেন? ২
গ. ধান ক্ষেতে চিত্র-১ এর আক্রমণের লক্ষণসমূহ এবং বিভিন্ন দমন পদ্ধতি ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্র-২ ও চিত্র-৩ এ রোগ দুটো চেনার উপায় ও তার প্রতিকার ব্যবস্থা ব্যাখ্যা করো। ৪

৮। রফিক সাহেবের কারখানার কাঁচামাল হলো বাঁশ। তার কারখানায় বিভিন্ন ধরনের গৃহ নির্মাণ ও গৃহ সজ্জার সামগ্রী তৈরি হয়। ইদানীং বাঁশের উৎপাদন কমে যাওয়ায় তিনি কিছুটা বিপাকে পড়েন। তিনি সরকারি খাস জমি লিজ নিয়ে বাঁশ বাগান করার সিদ্ধান্ত নেন।

ক. কী প্রয়োগে পাটের আঁশের রং ভালো হয়? ১
খ. বীজতলায় রাসায়নিক সার ব্যবহার না করা উত্তম কেন? ২
গ. রফিক সাহেবের কারখানায় উৎপাদিত দ্রব্যাদির ব্যাখ্যা দাও। ৩
ঘ. তুমি কি মনে করো রফিক সাহেবের শিল্পে ব্যবহৃত কাঁচামালটি গ্রামীণ মানুষের ভাগ্য বদলে দিতে পারে? মতামত দাও। ৪

## মডেল টেস্ট- ০৪

# রংপুর জিলা স্কুল

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. বরেন্দ্র ও মধুপুর অঞ্চলের মাটির অম্লমান মাত্রা কত?**
ক) ৪.৫–৫.৫ খ) ৫.৫–৬.৫
গ) ৬.৫–৭.৫ ঘ) ৭.৫–৮

**২. আলুর ব্যাপক ক্ষতি করে কোন রোগ?**
ক) আলুর মড়ক খ) ঢলে পড়া
গ) কাণ্ড পচা ঘ) ভাইরাসজনিত

**৩. ভূমিক্ষয়ের প্রধান কারণ কোনটি?**
ক) জলোচ্ছ্বাস খ) পাহাড়ি ঢল
গ) বৃষ্টিপাত ঘ) জুমচাষ

**৪. বীজ বিপণনের কাজ নয় কোনটি?**
ক) বীজ সংগ্রহ খ) প্যাকেজ করা
গ) বিজ্ঞপ্তি ঘ) বীজ উৎপাদন

**৫. বড় মাছের জন্য দৈহিক ওজনের শতকরা কী হারে সম্পূরক খাদ্য প্রয়োগ কতে হয়?**
ক) ২–৩ খ) ৩–৫ গ) ৫–৬ ঘ) ৬–৭

**৬. এককোষী অ্যালজি কোনটি?**
ক) ক্লোরেলা খ) ড্যাফনিয়া গ) কপিনোড ঘ) রটিফার

**৭. কাফ স্টার্টার কী?**
ক) মুরগির খাদ্য খ) পাখির খাদ্য
গ) বাছুরের খাদ্য ঘ) হাঁসের খাদ্য

**৮. মাটিস্থ জীবাণুসমূহ–**
i. জৈব পদার্থ পচনে সাহায্য করে ii. গাছকে পুষ্টি প্রদান করে
iii. উঁচু-নিচু জমিকে সমতল করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. বীজ আলু-শোধন করতে ৩ লিটার পানিতে কত গ্রাম বোরিক অ্যাসিড মিশাতে হবে?**
ক) ৩০ খ) ৯০ গ) ৬০ ঘ) ১২০

**১০. কোন ফসলের ক্ষেত্রে হামপুলিং করা হয়?**
ক) পাট খ) গম গ) আলু ঘ) ধান

**১১. চারা পোনার আকার কত সেমি-এর বেশি হয়?**
ক) ৫ সেমি খ) ৬ সেমি গ) ৭ সেমি ঘ) ৮ সেমি

**১২. বালি মাটির পুকুরের ঢাল কত হওয়া নিরাপদ?**
ক) ৩–১ খ) ১–৩ গ) ১–৪ ঘ) ৩–৪

**১৩. মাছ চাষের পুকুরে শেওলা কমানোর জন্য ব্যবহৃত হয় নিচের কোনটি?**
ক) কপার সালফেট খ) জিঙ্ক সালফেট
গ) ফিটকিরি ঘ) চুন

**১৪. বিপন্ন প্রজাতির মাছ কোনটি?**
ক) শিং খ) মাগুর গ) টেংরা ঘ) মহাশোল

**১৫. মোট উৎপাদিত মাছের কতভাগ আসে সমুদ্র থেকে?**
ক) ৪০ ভাগ খ) ৩০ ভাগ গ) ২০ ভাগ ঘ) ১০ ভাগ

**১৬. দ্বিতীয়বার মৎস্য আইন ভঙ্গকারীর সর্বোচ্চ কত টাকা জরিমানা হতে পারে?**
ক) ১০০০ খ) ১৫০০ গ) ২০০০ ঘ) ২৫০০

**১৭. যে ঘরে বাচ্চা ফোটে তাকে কী বলে?**
ক) হ্যাচারি খ) ব্রয়লার
গ) শেড টাইপ ঘ) গ্যাবল টাইপ

**১৮. আমিষের অভাব পূরণের জন্য মুরগিকে কোন খাদ্যটি খাওয়াতে হবে?**
ক) ঝিনুকের খোসার গুঁড়া খ) হাড়ের গুঁড়া
গ) ডিমের খোসা ঘ) শুটকি মাছের গুঁড়া

**১৯. লতানো উদ্ভিদ হলো–**
i. হেলেঞ্চা ii. কলমি লতা iii. মালঞ্চ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
পুকুরে মাছ চাষের ক্ষেত্রে প্লাংকটন উৎপাদনের জন্য পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা থাকা ভালো। আর প্লাংকটন হচ্ছে মাছের প্রাকৃতিক খাদ্য।

**২০. উল্লিখিত প্রাকৃতিক খাদ্য কত প্রকার?**
ক) এক প্রকার খ) দুই প্রকার
গ) তিন প্রকার ঘ) চার প্রকার

**২১. উদ্দীপকের প্রাকৃতিক খাদ্যের রং কেমন?**
ক) সবুজ খ) ধূসর গ) লাল ঘ) আকাশি

**২২. BJRI এ পর্যন্ত কতটি তোষাপাটের জাত উদ্ভাবন করেছেন?**
ক) ৮ খ) ১৪ গ) ১৬ ঘ) ১৭

**২৩. কোন রোগটি শুধু দেশি জাতের পাটে দেখা যায়?**
ক) কাণ্ড কাঁচা খ) কালোপট্টি
গ) শুকনো ক্ষত ঘ) টুংরো

**২৪. মুক্তকেশী কিসের জাত?**
ক) বেগুন খ) টমেটো গ) পুঁইশাক ঘ) পালংশাক

**২৫. হালকা নির্মাণশিল্পের উদাহরণ হলো–**
i. সোফাসেট ii. চেয়ার iii. সেলফ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী কলেজিয়েট স্কুল

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড 1 3 4

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জামান সাহেব তার জমিতে গম চাষের জন্য পরিচিত কৃষকের কাছ থেকে বীজ সংগ্রহ করলেন। বীজের আদ্রতা পরীক্ষা করার জন্য ১০০ গ্রাম বীজ নিয়ে বীজের আর্দ্রতা বের করে ৯০ গ্রাম ওজন পেলে। এরপর অঙ্কুরোদগম ও সতেজতা পরীক্ষা করে গমের আবাদ করে কাঙ্ক্ষিত ফলন পেলেন।

ক. মাটি কাকে বলে? ১
খ. FCR এর মান যত কম খাদ্যের গুণগত মান তত ভালো ব্যাখ্যা করো। ২
গ. জামান সাহেবের পরীক্ষিত বীজের আর্দ্রতা হার নির্ণয় করা।৩
ঘ. জামান সাহেবের বীজ পরীক্ষার কার্যক্রমটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২। নিচের চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ইউরিয়া মিশ্রিত পানি দ্বারা ভেজা খড়



ইউরিয়া মিশ্রত পানি খড়ে মেশানো হচ্ছে

ক. একটি উন্নত জাতের ঘাসের নাম লেখো। ১
খ. আমাদের দেশের গবাদিপশুর উৎপাদন ক্ষমতা কম কেন? ২
গ. উদ্দীপকের কাজটি কীভাবে সম্পন্ন করতে হয়? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের কাজটির যথার্থতা মূল্যায়ন করো। ৪


৩। বেকার যুবক রাকিব মাছ চাষ করে বর্তমানে স্বাবলম্বী। তিনি পুকুরপ্রস্তুতি , উপযুক্ত পোনা বাছাই, রাক্ষুসে মাছ নিধন, পুকুরের পানিতে খাদ্যের উপস্থিতি নির্ণয় ও খাদ্য প্রয়োগ প্রভৃতি কাজে বিজ্ঞানসম্মত উপায় অবলম্বন করেন।

ক. একটি আদর্শ পুকুরের আয়তন কত শতক হয়? ১
খ. পুকুরের গভীরতা কম বেশি হলে কী সমস্যা হবে? ২
গ. রাকিব তার পুকুরে সম্পূরক খাদ্য প্রয়োগের পূর্বে যে কাজটি করবেন তা কীভাবে করবেন? ৩
ঘ. রাকিবের কাজটি দ্বারা কীভাবে তিনি স্বাবলম্বী হয়েছেন বলে তুমি মনে করো– ব্যাখ্যা করো। ৪

৪। রকি তার গ্রামের বাড়িতে বেড়াতে গিয়ে অনেক রকম গাছপালা দেখতে পায়। সে তার দাদার কাছ থেকে সেগুলোর নাম জানতে থাকে। এর মধ্যে একটি গাছের নাম হরিতকী জানতে পেরে সে কৌতূহলী হয়ে ওঠে কারণ পাঠ্য বইয়ে সে এই গাছটির কথা জেনেছে। সে দাদুর কাছ থেকে গাছটির গুণাগুণ সম্পর্কে বিস্তারিত জেনে নিল। দাদু বললেন, "এই বিশেষ গাছপালাগুলো গ্রামের মানুষের চিকিৎসা সেবায় এক বিরাট ভূমিকা পালন করে থাকে।"

ক. ভেষজ উদ্ভিদ কাকে বলে? ১
খ. ত্রিফলার অন্তর্ভুক্ত উদ্ভিদগুলোর নাম লেখো। ২
গ. উদ্দীপকে উল্লেখিত উদ্ভিদটির ভেষজগুণ বর্ণনা করো। ৩
ঘ. রকির দাদার উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৫। নিচের চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



সেক্কিডিস্ক পরীক্ষা

ক. রাক্ষুসে মাছ কাকে বলে? ১
খ. মাছের জন্য সম্পূরক খাদ্য কেন দরকারি? ২
গ. উদ্দীপকের কাজটি কীভাবে সম্পন্ন করতে হয়? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের কাজটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬। নাজমুল তার ধানের জমিটির চারপাশের আল উঁচু করে বাঁধালো। সে জমির চারপাশে আলের পাশ দিয়ে ৭০ সে.মি. গভীর করে নালা খুঁড়লো। ধান লাগানোর পর সে জমিতে মাছ ছাড়ল। তার এ পদ্ধতিতে সফতা দেখে প্রতিবেশী অনেকেই ধান ক্ষেতে মাছ চাষের আগ্রহী হলো।

ক. ধান ক্ষেতে কোন ধরনের চিংড়ি চাষ করা যায়? ১
খ. সমন্বিত মাছ চাষের ১টি সুবিধা ব্যাখ্যা করো। ২
গ. নাজমুল তার ক্ষেতে কীভাবে ধান রোপণ করবে? ৩
ঘ. প্রতিবেশীর নাজমুলের কাজের প্রতি আগ্রহী হলো কেন– মতামত দাও। ৪

৭। রমজান আলী একজন সচেতন কৃষক। তিনি ফসল উৎপাদনে রাসায়নিক দমন ব্যবস্থা এড়িয়ে চলার চেষ্টা করেন। তিনি বিভিন্ন স্বাস্থ্যসম্মত দমন ব্যবস্থা যেমন– গভীরভাবে জমি চাষ, রোগিং, আলোর ফাঁদের ব্যবহার, সঠিক সময়ে আগাছা সরিয়ে ফেলা ইত্যাদি কাজগুলো করে থাকে যেখানে রাসায়নিক দ্রব্যের ব্যবহার নেই। এতে তিনি আশেপাশের সকলের দৃষ্টি করেছেন।

ক. উফশী অর্থ কী? ১
খ. ফসল চাষের রাসায়নিক উপাদান ব্যবহার কমানো উচিত কেন? ২
গ. রমজান সাহেবের পোকা দমন পদ্ধতি আলোচনা করো। ৩
ঘ. "রমজান সাহেবের কাজটি সময়ের দাবি" ব্যাখ্যা করো। ৪

৮। রমিজ উদ্দিন পশুপালনের জন্য চারণ ভূমি তৈরি করেছেন। বর্ষা মৌসুমে তার চারণ ভূমিতে ব্যাপক হারে ঘাস উৎপাদন হলেও শুষ্ক মৌসুমে ঘাসের চাহিদা মেটাতে পারেন না। এজন্য তার পশুগুলোর সারা বছরের প্রয়োজনীয় খাদ্যের জন্য কাঁচা ঘাসের যথোপযুক্ত সংরক্ষণের ব্যবস্থা করলেন। এরপর তিনি তার প্রতিবেশী অনেককেই উক্ত পদ্ধতিতে গো-খাদ্য সংরক্ষণে উদ্বুদ্ধ করলেন।

ক. 'গো-খাদ্য' কাকে বলে? ১
খ. দানা জাতীয় খাদ্য কীভাবে পশুর উৎপাদন বাড়ায়? ব্যাখ্যা করো। ২
গ. রমিজ উদ্দিনের গৃহীত পদ্ধতিটির তৈরি কৌশল ব্যাখ্যা করো। ৩
ঘ. রমিজ উদ্দিনের কার্যক্রমটি মূল্যায়ন করো। ৪

## মডেল টেস্ট- ০৫

# সেন্ট প্ল্যাসিড্স স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **খাদ্যের ক্ষেত্র সঠিক হলো–**
i. খৈল দানাদার জাতীয় খাদ্য ii. চালের কুঁড়া দানা জাতীয় খাদ্য
iii. গমের ভুসি আঁশজাতীয় খাদ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২. **আনারসের তেউড় তৈরির ধাপ কতটি?**
ⓚ ৪টি ⓚ ৫টি
ⓖ ৬টি ⓖ ৭টি

৩. **ভূমি কর্ষণের উদ্দেশ্য হলো–**
i. মাটির ক্ষয় রোধ করা ii. আগাছা দমন
iii. মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪. **মাটির নিচের পোকা হলো–**
i. উইপোকা ii. উরচুঙ্গা পোকা iii. ফড়িং
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫. **আমন ধানের জন্য বীজকে কত ঘণ্টা জাগ দিতে হয়?**
ⓚ ২৪ ঘণ্টা ⓚ ৪৮ ঘণ্টা
ⓖ ৭২ ঘণ্টা ⓖ ৯৬ ঘণ্টা

৬. **কোনটির আক্রমণে মাছের ক্ষত রোগ হয়?**
ⓚ পরজীবী ⓚ ভাইরাস
ⓖ ছত্রাক ⓖ ব্যাকটেরিয়া

৭. **হে তৈরির জন্য ঘাসের আর্দ্রতা শতকরা কত ভাগ রাখা হয়?**
ⓚ ১৫–২০ ⓚ ২০–২৫
ⓖ ৩০–৩৫ ⓖ ৩৫–৪০

৮. **বাতাসে আপেক্ষিক আর্দ্রতা কত থাকলে খাদ্যে পোকামাকড় জন্মায়?**
ⓚ ১০% এর কম ⓚ ১০% এর বেশি
ⓖ ৬৫% এর বেশি ⓖ ৬৫% এর কম

৯. **কাদামাটি অঞ্চলের বৈশিষ্ট্য–**
i. মাটি কর্দম বিশিষ্ট ii. জমি মাঝারি উঁচু iii. জৈব পদার্থ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১০. **ধান চাষের জন্য উপযুক্ত মাটি হচ্ছে–**
ⓚ দোঁআশ ⓚ এঁটেল ⓖ কর্দম ⓖ বেলে

১১. **মুক্তকেশী কীসের জাত?**
ⓚ কলা ⓚ বেগুন ⓖ গোলাপ ⓖ টমেটো

১২. **বাংলাদেশের জলাশয়ের শতকরা কত ভাগ বন্ধ জলাশয়?**
ⓚ ১২ ভাগ ⓚ ১৪ ভাগ ⓖ ১০ ভাগ ⓖ ১৬ ভাগ

১৩. **মধুপুর ও বরেন্দ্র অঞ্চলের বৈশিষ্ট্য হলো–**
i. মাটির অম্লমান ৫.৫–৬.৫ ii. জমি উঁচু
iii. জৈব পদার্থের মাত্রা নিম্নমানের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপক অনুসারে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
আমাদের দেশে সাধারণ মানুষ রোগ নিরাময়ে প্রাচীনকাল থেকে বিভিন্ন প্রকার উদ্ভিদ ব্যবহার করে আসছে। ঔষধ হিসাবে ব্যবহৃত এ সকল উদ্ভিদকে বলা হয় ঔষধি উদ্ভিদ।

১৪. **নিচের কোনটি চুল পড়া রোগে ব্যবহৃত হয়?**
ⓚ ঘৃতকুমারী ⓚ কালোমেঘ ⓖ আমলকী ⓖ বাসক

১৫. **উদ্দীপকে উল্লিখিত উদ্ভিদ ব্যবহারের কারণ–**
i. এর কোনো পার্শ্ব প্রতিক্রিয়া নেই
ii. দাম বেশি iii. সহজে পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. **কোনটির মাধ্যমে ধানের টুংরো রোগ ছড়ায়?**
ⓚ পাতা ফড়িং ⓚ পামরি পোকা
ⓖ গান্ধি পোকা ⓖ মাজরা পোকা

১৭. **কোনটি বোরো মৌসুমের জাত?**
ⓚ বাংলামতি ⓚ প্রগতি ⓖ হাসি ⓖ রহমত

১৮. **নিজামী, নিয়ামত কোন জাতের ধান?**
ⓚ আউশ ⓚ রোপা ⓖ আমন ⓖ বোরো

১৯. **ভালো বীজের অঙ্কুরোদগমের হার কোনটি?**
ⓚ ৫০% ⓚ ৮৫% ⓖ ২৫% ⓖ ৬০%

২০. **শুষ্ক অ্যালজিতে শতকরা কতভাগ চর্বি থাকে?**
ⓚ ২০–২২ ⓚ ৫–৭ ⓖ ২৬–৩০ ⓖ ১৮–২৮

২১. **কোন ধরনের ভূমিক্ষয়ের লম্বাকৃতির রেখা সৃষ্টি হয়?**
ⓚ গালি ভূমিক্ষয় ⓚ রিল ভূমিক্ষয়
ⓖ আস্তরণ ভূমিক্ষয় ⓖ নালা ভূমিক্ষয়

২২. **উত্তম বীজের আর্দ্রতা কত হলে উত্তম?**
ⓚ ১২% ⓚ ৯% ⓖ ১৬% ⓖ ১৪%

২৩. **গোলাপের চারা রোপণের কতদিন পূর্বে গর্ত করতে হয়?**
ⓚ ১৪ ⓚ ১৫ ⓖ ১৬ ⓖ ১৭

২৪. **কলাগাছের ছত্রাকজনিত রোগটি হলো–**
i. গুচ্ছমাথা রোগ ii. সিগাটোগা iii. পানামা রোগ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. **দেশি পাটের জাতসমূহ হলো–**
i. সি এম ভি-১২ ii. সিভিএল-১ iii. সি সি-৪৫
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা মর্ডান হাই স্কুল

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড 1 3 4

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। দশম শ্রেণির শিক্ষার্থীরা তাদের ক্লাসে বিভিন্ন ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করছিলেন। তাদের আলোচনার এক পর্যায়ে শিক্ষক মহোদয় মনুষ্য কর্তৃক ভূমিক্ষয় এবং ভূমিক্ষয়ের ক্ষতির বিভিন্ন দিকগুলো আলোকপাত করেন?

ক. সাইলোপিট কী? ১
খ. আস্তরণ ভূমিক্ষয় কেন হয়? ২
গ. শিক্ষক মহোদয় ক্লাসে যে ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোকপাত করলেন ব্যাখ্যা করো। ৩
ঘ. ভূমিক্ষয়ের ফলে কী কী ক্ষতি হতে পারে সেগুলো তোমার যুক্তিতে বিশ্লেষণ করো। ৪

২। মিতুল তার জমিতে ধান চাষের জন্য ১০০০ গ্রাম বীজ ক্রয় করেন। বীজগুলো বাছাই করে তিনি নিচের উপাদান অন্যান্য জাতের বীজ = ৪০ গ্রাম, পোকা খাওয়া বীজ ৫০ গ্রাম, নষ্ট বীজ = ৬০ গ্রাম।

ক. বীজ সংরক্ষণ কাকে বলে? ১
খ. বীজ প্রক্রিয়াজাতকরণের সুফল ব্যাখ্যা করো। ২
গ. মিতুলের ক্রয়কৃত বীজের বিশুদ্ধতার হার নির্ণয় করো। ৩
ঘ. ফসল ফলনে ভালো বীজের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৩। সুদেব বাবু চাকরি থেকে অবসর গ্রহণের পর তার নিজস্ব পরিত্যক্ত ৪০ শতক পুকুরে মাছ চাষের সিদ্ধান্ত নিলেন। পুকুরটির পানির pH মান ৫–৬। তিনি পুকুরে প্রয়োজনীয় পরিমাণ চুন প্রয়োগ করে পুকুরটি মাছ চাষের উপযোগী করেন তোলেন।

ক. আঁতুড় পুকুর কী? ১
খ. পুকুর থেকে রাক্ষুসে মাছ অপসারণ করতে হয় কেন? ২
গ. সুদেব বাবুর পুকুরে চুন প্রয়োগের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সুদেব বাবুর পুকুরের প্রয়োজনীয় কার্যাবলি মূল্যায়ন করো। ৪

৪। মতিন সাহেব মাছ চাষের উপর ট্রেনিং নিয়ে উপযুক্ত পুকুর না পেলে একটি পুকুর খনন কাজ শুরু করেন। তিনি একটি আদর্শ পুকুর তৈরি করে একটি নির্দিষ্ট দিনে পোনা সংগ্রহ করে তা শোধনপূর্বক বিকেলে পুকুরে অবমুক্ত করেন।

ক. মহুয়ার খৈল কী? ১
খ. মাছের অভয়াশ্রম এর গুরুত্ব কী? ২
গ. মতিন সাহেব পুকুর খননে কোন কোন বিষয় বিবেচনায় আনেন তা বর্ণনা করো। ৩
ঘ. মতিন সাহেবের পুকুরে পোনা ছাড়ার পূর্বের কর্মকাণ্ডের যৌক্তিকতা নিরূপণ করো। ৪

৫। সোহেলের লেয়ার খামারে ১৮০টি বাড়ন্ত মুরগি আছে। খাদ্যের সঠিক ব্যবহার জানতে প্রাণিসম্পদ কর্মকর্তার কাছে গেলে খাদ্যের মান ও পরিমাণ বিষয়ে পরামর্শ দেন, ফলে সোহেল উপকৃত হয়।

ক. জাটকা কী? ১
খ. রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. সোহেলের খামারে প্রতি সপ্তাহের খাদ্যের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. প্রাণি সম্পদ কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৬। রহিম সাহেব এ বছর তার দুই একর জমিতে দেশি পাট চাষ করলেন। সঠিক সময়ে জমি তৈরি, বীজবপন, পরিচর্যা ও সঠিক সময়ে পাট কেটে আঁটি জাগ দিয়ে আঁশ শুকিয়ে সুরক্ষা করায় তার পাটের আঁশের মান ভালো হলো।

ক. দেশি পাট কোন মাসে কাটতে হয়? ১
খ. পাটের বীজ শোধন পদ্ধতি উল্লেখ করো। ২
গ. রহিম সাহেব যেভাবে পাট জাগ দেন তা বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত ফসলটি আমাদের দেশের প্রেক্ষাপটে অর্থনৈতিকভাবে কিরূপ ভূমিকা পালন করে তা বিশ্লেষণ করো। ৪

৭। করিম সারা বছর পাওয়া যায় এমন একটি পাতা জাতীয় সবজি চাষ করেন। এ শাক বসতবাড়ির আঙিনার বেড়ায় বা মাচায় জন্মাতে দেখা যায়। রহিম শীতকালে পাওয়া যায় এমন একটি পাতা জাতীয় সবজি চাষ করেন।

ক. পালংশাকের একটি জাতের নাম লেখো। ১
খ. খাদ্য হিসেবে শাকসবজির গুরুত্ব লেখো। ২
গ. রহিমের সবজিতে সার প্রয়োগের নিয়মাবলি ব্যাখ্যা করো। ৩
ঘ. করিমের চাষকৃত সবজি কীভাবে পরিচর্যা করলে উৎপাদন ভালো হবে– মতামত দাও। ৪

৮। কামাল উদ্দিনের গাভির খামার আছে। একটি গাভি হঠাৎ খাওয়া বন্ধ করে দেয়। গাভিটি অসুস্থ বলে কামাল উদ্দিন ধারণা করে। পশু চিকিৎসককে দেখালে তিনি বলেন গাভিটি বাদলা রোগে আক্রান্ত হয়েছে। তিনি গাভিটিকে আলাদা করতে বলেন এবং চিকিৎসা দেন। অন্যান্য গাভি যাতে এ রোগে আক্রান্ত না হয় সে ব্যাপারেও পরামর্শ দেন।

ক. শাল দুধ কী? ১
খ. গাভির বাদলা রোগে আক্রান্ত হওয়ার কারণ ব্যাখ্যা করো। ২
গ. পশু চিকিৎসক রোগ নিরাময়ের জন্য যে চিকিৎসা দিয়েছেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. আক্রান্ত পশুকে আলাদা করে চিকিৎসা দেওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৬

# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **পাট চাষের জন্য বিশেষ উপযোগী মাটি কোনটি?**
ক) গভীর পলি মাটি খ) দোআঁশ মাটি
গ) বেলে দোআঁশ মাটি ঘ) পলি মাটি

২. **পাহাড়ি ও পাদভূমি অঞ্চলের কত শতাংশের বেশি ভূমি উঁচু?**
ক) ৫০ শতাংশের খ) ৬৫ শতাংশের
গ) ৭৫ শতাংশের ঘ) ৯০ শতাংশের

৩. **কৃষির যত কাজ আছে তন্মোধ্যে গুরুত্বপূর্ণ কাজ কোনটি?**
ক) সময়মতো ফসল কাটা খ) সার প্রয়োগ
গ) আগাছা দমন ঘ) জমি প্রস্তুত

৪. **ধৈঞ্চা চাষের ফলে–**
i. মাটিতে জৈব পদার্থ যুক্ত হয় ii. মাটি উর্বর হয়
iii. মাটির গঠন উন্নত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. **নিবিড় শস্য চাষ বলতে কী বোঝায়?**
ক) একটি ফসল তোলার সাথে সাথে আর একটি ফসলের চাষ
খ) একটি ফসল তোলার পর কিছু সময় বিরতি দিয়ে অন্য ফসলের চাষ
গ) ফসল লাগানোর সময় ঘন করে বীজ বুনা/চারা লাগানো
ঘ) ফল লাগানোর সময় পাতলা করে বীজ বুনা/চারা লাগানো

৬. **বাংলাদেশে পার্বত্য অঞ্চলে দেখা যায় কোনটি?**
ক) আস্তরণ ভূমিক্ষয় খ) নালা ভূমিক্ষয়
গ) রিল ভূমিক্ষয় ঘ) নদী ভাঙ্গন

৭. **জমি ঘন ঘন চাষ করলে কী সমস্যা হয়?**
ক) পোকার আক্রমণ হয় খ) রোগের আক্রমণ হয়
গ) ভূমিক্ষয় হয় ঘ) আগাছা বৃদ্ধি পায়

৮. **খাদ্যের রেন্সিডিটি হলো–**
ক) চর্বির জারণ ক্রিয়া খ) শর্করার জারণ ক্রিয়া
গ) আমিষের জারণ ক্রিয়া ঘ) ভিটামিনের জারণ ক্রিয়া

☐ **নিচের উদ্দীপকের আলোকে ৯ থেকে ১১নং প্রশ্নের উত্তর দাও :**
অনিক তার খামারের গরুর জন্য ভুট্টা ঘাসের চাষ করেন এবং মোচা বের হওয়ার পর গাছগুলো কেটে রোদে শুকিয়ে নির্দিষ্ট আর্দ্রতায় আসার পর তা সংরক্ষণ করে গাভিকে খাওয়ান। তার বন্ধু অমল মাসকলাইয়ের চাষ করে ফুল আসার পর তা সংগ্রহ করে নির্দিষ্ট আর্দ্রতায় আসার পর সংরক্ষণ করেন এবং গাভিকে খাওয়ান।

৯. **উদ্দীপকে ঘাসের আর্দ্রতা শতকরা কত ভাগ হতে পারে?**
ক) ১০–১৫% খ) ১৫–২০% গ) ১৮–২২% ঘ) ২০–২৫%

১০. **উদ্দীপকের ঘাস তৈরি করার জন্য কোন গোত্রের উদ্ভিদ বেশি উপযোগী?**
ক) মালবেসি খ) সাইট্রাস
গ) কিউকার ভিটাসি ঘ) শিম/লিগুমেনেসি

১১. **উদ্দীপকের কার্যক্রম ফসল হওয়ার সম্ভাবনা–**
ক) অনিকের বেশি খ) অমলের বেশি
গ) দুই জনেরই বেশি ঘ) দুই জনেরই কম

১২. **৫ পিপিএম বলতে কী বোঝায়?**
ক) এক হাজার ভাগের পাঁচ ভাগ খ) এক লক্ষ ভাগের পাঁচ ভাগ
গ) এক মিলিয়ন ভাগের পাঁচ ভাগ ঘ) এক কোটি ভাগের পাঁচ ভাগ

১৩. **ডিম পোনা কত সময়ের মধ্যে ধানী পোনায় পরিণত হয়?**
ক) ৫–৭ দিন খ) ৭–১৪ দিন
গ) ১০–২০ দিন ঘ) ১৫–৩০ দিন

১৪. **পুকুরের মাটিতে বালির পরিমাণ বেশি হলে ১.৫ মিটার গভীরতার জন্য ঢালের দৈর্ঘ্য কত হওয়া উচিত?**
ক) ২ মিটার খ) ৩ মিটার গ) ৩.৫ মিটার ঘ) ৪.৫ মিটার

১৫. **পাখির সুষম রেশনে কতটি পুষ্টি উপাদান বিদ্যমান থাকে?**
ক) ৫টি খ) ৬টি গ) ৭টি ঘ) ১৭টি

১৬. **তিন শতক বীজতলায় কত কেজি অঙ্কুরিত ধানের বীজ বপন করা যায়?**
ক) ৬ কেজি খ) ৭.৫ কেজি গ) ৯ কেজি ঘ) ১২ কেজি

১৭. **কোন পোকার আক্রমণে ধান গাছের কুশি পেঁয়াজ পাতার মতো হয়ে যায়?**
ক) গান্ধি খ) গল মাছি গ) মাজরা ঘ) পামরি

১৮. **কেনাফ কোন ফসলের জাত?**
ক) ধান খ) পাট গ) সরিষা ঘ) মাসকলাই

১৯. **২০০ কেজি সরিষার খৈলে কত কেজি আমিষ থাকতে পারে?**
ক) ১০০ কেজি খ) ৯০ কেজি গ) ৮০ কেজি ঘ) ৭০ কেজি

২০. **খনার বচনের শেষ উক্তিটি নিচের কোন ফসলের জন্য প্রযোজ্য?**
ক) ধান খ) গম গ) মাসকলাই ঘ) পাট

২১. **পুঁইশাক চাষে ১০ শতক জমিতে কী পরিমাণ জৈব সার ব্যবহার করা হয়?**
ক) ১০০০ কেজি খ) ৮০০ কেজি
গ) ৬০০ কেজি ঘ) ৪০০ কেজি

☐ **নিচের উদ্দীপকের আলোকে ২২ থেকে ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
সাগর ১০ শতক জমিতে ৮০টি মাদায় মিষ্টি কুমড়ার চাষ করেন। তিনি ৬ মিটার দূরে দূরে ৫০–৬০ ঘন সে.মি. আকারের গর্ত তৈরি করেন। প্রতি গর্তে ২ কেজি কম্পোস্টসহ সকল রাসায়নিক সার যথাযথভাবে নির্ধারিত/অনুমোদিত মাত্রায় প্রয়োগ করেন এবং সকল পরিচর্যা নিয়মিতভাবে করে যাচ্ছেন।

২২. **উদ্দীপকের জমিতে মোট কী পরিমাণ দস্তা সার ব্যবহার করা হয়?**
ক) ৫০০ গ্রাম খ) ৪০০ গ্রাম গ) ৩০০ গ্রাম ঘ) ২০০ গ্রাম

২৩. **উদ্দীপকের জমিতে কী পরিমাণ জিপসাম করেছে?**
ক) ১০ কেজি খ) ৮.২ কেজি
গ) ৭.২ কেজি ঘ) ৬.২ কেজি

২৪. **উদ্দীপকের কার্যক্রম সফল হওয়ার সম্ভাবনা–**
ক) খুবই বেশি খ) বেশি গ) আছে ঘ) নেই

২৫. **উদ্দীপকের জমিতে বীজ বপনের কত দিন পর ২য় বার ইউরিয়া সার উপরি প্রয়োগ করা হয়?**
ক) ৯০ দিন খ) ৬৫ দিন গ) ৩৫ দিন ঘ) ৪৫ দিন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড | 1 | 3 | 4 |

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ছাত্রছাত্রীরা শ্রেণিকক্ষে গবাদিপশুর বিভিন্ন খাদ্য উপকরণের নিম্নরূপ তালিকা তৈরি করল–
উপকরণ-১ : খড়, ইউরিয়া।
উপকরণ-২ : অ্যালজি বা শৈবাল বা শেওলা।
ক. সম্পূরক খাদ্য কাকে বলে? ১
খ. খাদ্যের FCR নির্ণয়ের প্রয়োজনীয়তা উল্লেখ করো। ২
গ. উপকরণ-১ এ গঠিত গবাদিপশুর সম্পূরক খাদ্য তৈরি ও এর প্রয়োগ পদ্ধতি ব্যাখ্যা করো। ৩
ঘ. গবাদিপশুর খাদ্য হিসেবে উপকরণ-২ এর পুষ্টিমান বিশ্লেষণ করো। ৪


২। নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

**নমুনা : A** →
- মাছারি উঁচু ও মাঝারি নিচু কর্দম মাটি।
- জৈব পদার্থের উপস্থিতি মাঝারি।
- পটাশজাত খনিজের মাত্রা মাঝারি।

**নমুনা : B** →
- উঁচু ও মাঝাড়ি উঁচু দো-আঁশ মাটি।
- জৈব পদার্থের মাত্রা অল্প থেকে মাঝারি।
- অম্লত্ব ক্ষারত্বের মাত্রা ৫.৫–৬.৫।

ক. কৃষকের ভাষায় মাটি কী? ১
খ. দোআঁশ মাটিতে সব ধরনের ফসল ভালো হয় কেন? ২
গ. নমুনা A এর বৈশিষ্ট্যগুলো যে মৃত্তিকা ভিত্তিক অঞ্চলকে নির্দেশ করে সে অঞ্চলে কী ধরনের ফসল ভালো চাষ করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. নমুনা B এর বৈশিষ্ট্যগুলো বিবেচনা করে সেই এলাকার কৃষকদের তুমি কী ধরনের ফসল ফলানোর পরামর্শ দিবে– বিশ্লেষণ করো। ৪

৩।




ক. মহুয়ার খৈল কী? ১
খ. পুকুরের পাড় ও তলদেশ মেরামত করা প্রয়োজন কেন? ২
গ. একটি মজাপুকুর কীভাবে উদ্দীপকের চিত্রের ন্যায় পুকুরে পরিণত করা যায়– বিশ্লেষণ করো। ৩
ঘ. মাছ চাষের ক্ষেত্রে উদ্দীপকের চিত্রানুরূপ পুকুরের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৪।


চিত্র-১


চিত্র-২

ক. হাম পুলিং কী? ১
খ. বীজ উৎপাদনের জমি পৃথকীকরণ করা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. চিত্র-১ এর ফসল বীজ উৎপাদনের ধাপসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. বংশবিস্তারক উপকরণ হিসেবে চিত্র-২ এর ফসল শ্রেণির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫। পুলিশ কর্মকর্তা নদীতে মাছ ধরার সময় কয়েকজন জেলেকে হাতে নাতে ধরে ফেলেন এবং তাদের কোর্টে পাঠান। তিনি জনতার উদ্দেশ্যে বলেন, পোনা বা জাটকা মাছ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এদের ধরা উচিত নয়। পোনাগুলোকে বড় হবার সুযোগ দিতে হবে। তিনি আরও বলেন, "যে ধরবে জাটকা তাকে ধরে আটকা।"
ক. মৎস্য অভয়াশ্রম কী? ১
খ. লিগিউম জাতের ঘাসে পুষ্টিমান বেশি কেন? ২
গ. উদ্দীপকে উল্লেখিত অপরাধীদের জন্য প্রচলিত আইন ও শাস্তির বিধানগুলো উল্লেখ করো। ৩
ঘ. পুলিশ কর্মকর্তার বক্তব্য মূল্যায়ন করো। ৪

৬।


চিত্র-১


চিত্র-২


চিত্র-৩

ক. পাটের জাগ কী? ১
খ. সকল উফশী ধান আধুনিক ধান নয় কেন? ২
গ. চিত্র-১ ও চিত্র-২ এর পোকাগুলোর নাম এবং এদের আক্রমণের লক্ষণগুলো লেখো। ৩
ঘ. চিত্র-৩ এর তৈরি পদ্ধতি বর্ণনা করো। ৪

৭।


চিত্র-১


চিত্র-২


চিত্র-৩

ক. প্রুনিং কী? ১
খ. শিম চাষে ইউরিয়া সার প্রয়োগের প্রয়োজন হয় না কেন? ২
গ. চিত্রের কোন চারাটি কলা চাষের ক্ষেত্রে উত্তম? ব্যাখ্যা করো। ৩
ঘ. "ফসলের ফলন বৃদ্ধিতে রোগবালাই দমন গুরুত্বপূর্ণ"– উক্ত ফসল চাষের ক্ষেত্রে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৮।


দৃশ্যকল্প-১


দৃশ্যকল্প-২

(জমির পরিমাণ ৫০ শতাংশ)

ক. ঔষধি উদ্ভিদ কাকে বলে? ১
খ. বাঁশকে গরিবের কাঠ বলা হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-২ ফসলের সাথে শুধুই চিংড়ি চাষ করতে গেলে উক্ত জমিতে কী পরিমাণ পোনা প্রয়োজন হবে তা নির্ণয় করো। ৩
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ পদ্ধতি দুটির মধ্যে কোনটি অর্থনৈতিক উন্নয়নে সম্ভাবনাময়– বিশ্লেষণ করো। ৪

**মডেল টেস্ট- ০৭**

# ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 3 4

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কৃষকের ভাষ্য মতে ভূ-পৃষ্ঠের কত সেমি গভীর অঞ্চলকে মাটি বলে?**
(ক) ৮–১০ (খ) ১০–১২
(গ) ১৫–১৮ (ঘ) ২০–২৫

২. **টমেটো চাষের জন্য মাটিতে আদর্শ অম্লমান কত থাকা উচিত?**
(ক) ৬–৭ (খ) ৪–৫ (গ) ৫–৬ (ঘ) ৩–৪

৩. **বৃষ্টিপাত কত হলে মাটিতে গভীর চাষ দেওয়া উচিত নয় কেন?**
(ক) আর্দ্রতা কমে যায় (খ) উর্বরতা হ্রাস পায়
(গ) অণুজীবের কার্যকারিতা হ্রাস পায় (ঘ) জমি কর্দমাক্ত হয়ে যায়

৪. **নিবিড় শস্য চাষের সুবিধা হলো–**
i. জমিতে গভীর চাষের প্রয়োজন নেই–
ii. একটি ফসল তুলেই আরেকটি ফসল লাগানো যায়
iii. একই সাথে একাধিক ফসল চাষ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. **কোন পরীক্ষায় বীজের জন্য প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়?**
(ক) জীবনীশক্তি পরীক্ষা (খ) আদ্রতা পরীক্ষা
(গ) অঙ্কুরোদগম পরীক্ষা (ঘ) মান নিয়ন্ত্রণ পরীক্ষা

৬. **মাছের খাদ্যের কোন পুষ্টিগুণ সূর্যের অতি বেগুনি রশ্মির প্রভাবে নষ্ট হয়?**
(ক) শর্করা (খ) আমিষ
(গ) ভিটামিন (ঘ) খনিজ লবণ

৭. **গরুকে দৈনিক কত কেজি শুকনো খড় দেওয়া হয়?**
(ক) ২–৩ (খ) ৩–৪
(গ) ৪–৫ (ঘ) ৫–৬

৮. **অ্যালজির চাষ করা যায়–**
i. মাটির চাড়িতে ii. প্লাস্টিকের চাড়িতে iii. সিমেন্টের চাড়িতে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. **আলুর ভাইরাস রোগের বিকল্প বাহক হিসেবে কাজ করে কোনটি?**
(ক) দূর্বা (খ) মুথা (গ) বথুয়া (ঘ) শ্যামা

১০. **বীজ কত গভীরতায় বপন করতে হবে তা নির্ভর করে–**
i. বীজের আকারের উপর ii. বীজের বিশুদ্ধতার ওপর
iii. মাটির ধরনের ওপর
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. **পুকুরের পানির pH মাত্রা কত হলে মাছের উৎপাদন ভালো হয়?**
(ক) ৩.৫–৪.৫ (খ) ৪.৫–৫.৫
(গ) ৫.৫–৬.৫ (ঘ) ৬.৫–৮.৫

১২. **মজুদ পুকুরের আয়তন কত শতকের উপর হয়?**
(ক) ২০ (খ) ২৫ (গ) ৩০ (ঘ) ৩৫

১৩. **মাছ ধরার জন্য কত সেমি-এর চেয়ে কম ব্যাসের জাল ব্যবহার নিষিদ্ধ?**
(ক) ৩.৫ (খ) ৪.০ (গ) ৪.৫ (ঘ) ৫.০

১৪. **কোন গাছটির মূলে রাইজোবিয়াম থাকে?**
(ক) গম (খ) পাট
(গ) ধান (ঘ) ইপিল-ইপিল

১৫. **সকল মৌসুমেই চাষ উপযোগী ধানের জাত কোনটি?**
(ক) বিআর-১ (খ) বিআর-২ (গ) বিআর-৩ (ঘ) বিআর-৪

১৬. **ধান চাষে শতক প্রতি কত গ্রাম টিএসপি দরকার?**
(ক) ২৫০–৩০০ (খ) ৩০০–৩৫০
(গ) ৩০০–৪০০ (ঘ) ৩০০–৫০০

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমের দাদা বাজার থেকে কোনো মাছ না কিনে বাড়ি ফিরলেন। আফসোস করে বলেন, এক সময় বাজারে মহাশোল, বাঘাআইড়, পাবদা, টেংরা ইত্যাদি মাছ প্রচুর পাওয়া যেত। এখন এসব মাছ আর পাওয়া যায় না।

১৭. **রহিমের দাদার দেখা মাছগুলো সংরক্ষণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করতে হবে?**
(ক) মৎস্য অভয়াশ্রম স্থাপন (খ) উক্ত মাছগুলো পুকুরে পালন
(গ) প্রজননক্ষম মাছকে রক্ষা
(ঘ) কৃত্রিমভাবে ডিম ফুটিয়ে পোনা উৎপাদন

১৮. **উদ্দীপকে উল্লিখিত মাছগুলো না পাওয়ার কারণ–**
i. বিগত কয়েক বছরের জনসংখ্যা বৃদ্ধি
ii. নির্বিচারে ডিমওয়ালা ও পোনা মাছ আহরণ
iii. নদীতে অপরিকল্পিতভাবে বাঁধ ও অবকাঠামো নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. **হাঁস-মুরগির বাসস্থান তৈরি করতে হয়–**
i. উঁচু ও বন্যামুক্ত এলাকায় ii. মহাসড়ক ও বসতি থেকে দূরে
iii. পানি নিষ্কাশন ব্যবস্থার সুবিধাসম্পন্ন স্থানে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. **কোন ফসলটি কম চাষে উৎপাদন করা যায়?**
(ক) সরিষা (খ) মাসকলাই
(গ) ভুট্টা (ঘ) পাট

২১. **পাট ক্ষেতের মাকড় দমনে–**
i. চুন ও গন্ধক পানিতে মিশিয়ে ছিটাতে হবে
ii. কাঁচা নিমপাতার রস পানিতে মিশিয়ে ছিটাতে হবে
iii. ইউরিয়া মিশ্রিত পানি ছিটাতে হবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. **বেগুন ফলন বহুগুণে বৃদ্ধি পায়–**
i. আগাছা দমন করলে ii. মালচিং করলে iii. সার ব্যবহার না করলে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. **বাংলাদেশে কত হাজার হেক্টর জমিতে কলার চাষ হয়?**
(ক) ২০ (খ) ৩০ (গ) ৪০ (ঘ) ৫০

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
রতন কৃষিকর্মকর্তার পরামর্শে বাড়ির ছোট বাগানে ভেষজ উদ্ভিদ রোপণ করে। পেটের পীড়ায় ও হাঁপানি রোগে এই উদ্ভিদ উপকারী।

২৪. **রতনের রোপণকৃত উদ্ভিদগুলোর মধ্যে নিচের কোনটি হতে পারে?**
(ক) হিজল (খ) অশথ (গ) তেলসুর (ঘ) বহেড়া

২৫. **উদ্দীপকের বৃক্ষটির–**
i. ফল গোলাকৃতির বা ঈষৎ লম্বাটে ii. ব্যবহৃত অংশ হলো ফল
iii. কাশি নিরাময়েও বৃক্ষটি ব্যবহৃত হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# খুলনা পাবলিক কলেজ

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড 1 3 4

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আঃ রমি সাহেবের গোলাপ বাগানে গাছের কচিপাতা ও ফুলের পাপড়ি ছিদ্র করে খাওয়া এবং গাছের বাকলে ছোট ছোট দাগ দেখা যায়। পড়ে তিনি উপজেলা কৃষি কর্মকর্তার পরামর্শে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

ক. প্লাংকটন কী? ১

খ. গোলাপ গাছের ডাল-পালা ছাটাইয়ের প্রয়োজনীয়তা কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত আঃ রহিম সাহেবের গোলাপ বাগানে সমস্যাগুলো চিহ্নিত করে কীভাবে সমাধান করা যায় তা ব্যাখ্যা করো। ৩

ঘ. গোলাপ চাষে আত্মকর্মসংস্থান সম্ভব– কথাটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২। রফিক সাহেব দশম শ্রেণির ক্লাসে বিভিন্ন ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন। তিনি তাদের আস্তরণ ও রিল ভূমিক্ষয়ের বিভিন্ন কারণ আলোচনা করার পর এইগুলো রোধ করার বিভিন্ন উপায় সম্পর্কে ছাত্রদেরকে মতামত দিতে বললেন।

ক. ভূমিক্ষয় কী? ১

খ. জমি চাষের বিবেচ্য বিষয়গুলো ব্যাখ্যা করো। ২

গ. রফিক সাহেব ক্লাসে যে ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন তার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. ক্লাসে যে ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন তা তুমি কীভাবে রোধ করবে মতামত দাও। ৪

৩। আঃ রহমান সাহেব এক কেজি বীজ বাজার থেকে কিনে এনে দেখলেন যে বীজের মধ্যে অন্য জাতের বীজ ৫০ গ্রাম, পোকা খাওয়া বীজ ৫০ গ্রাম, আগাছার বীজ ২৫ গ্রাম, জড় পদার্থ ৭৫ গ্রাম। সে এগুলো বাছাই করে ভালো বীজগুলো রোপণ করলেন।

ক. কৃষি কী? ১

খ. মটকায় বীজ সংরক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করো। ২

গ. আঃ রহমান সাহেবের বীজের শতকরা হার নির্ণয় করো। ৩

ঘ. উচ্চফলনের জন্য আঃ রহমান সাহেবের কর্মকাণ্ডের মূল্যায়ন করো। ৪

৪। আঃ হাকিম সাহেবের বীজ গুদামে ৩৫০ কেজি বীজ শুঁকিয়ে ২৫০ কেজি বীজ গুদামজাত করে রাখলেন।

ক. বৃষ্টিপাত জনিত ভূমিক্ষয় কত প্রকার? ১

খ. পানিপ্রবাহ হ্রাকরণে কন্টোর পদ্ধতিতে চাষের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. আঃ হাকিম সাহেবের বীজগুদামের বীজের আর্দ্রতা নির্ণয় করো। ৩

ঘ. বীজ সংরক্ষণে আঃ রহিম সাহেবের কর্মকাডের মূল্যায়ন করো। ৪

৫। অমল সাহা তার একখণ্ড বীজ আলু উৎপাদন করতে চান। এ জন্য তিনি কৃষি কর্মকর্তা জনাব বাবুল করিমের পরামর্শ চান। কৃষি কর্মকর্তা তাকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে বলেন, "ফসল উৎপাদনে ফসল বীজ খুবই গুরুত্বপূর্ণ।"

ক. সুষম খাদ্য কাকে বলে? ১

খ. রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. অমল সাহা কী ধরনের বীজ ব্যবহার করবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব বাবুল করিমের উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৬। ইব্রাহিম সাহেব তার ১৫০ সে.মি. গভীরতার ২০ শতকের পুকুর বিভিন্ন জাতের মাছ থাকায় তিনি পরকল্পিত মাছ চাষ করতে পারছেন না। বিষয়টি সম্পর্কে মৎস্য কর্মকর্তার পরামর্শ চাইলে তিনি তাকে মহুয়ার খৈল দিয়ে পুকুর মাছ চাষের উপযোগী করে মাছ চাষের পরামর্শ দেন। পরিশেষে তিনি "পোনা পরিবহনের সময় অত্যন্ত যত্নশীল হতে বলেন।"

ক. ডিম পোনা কাকে বলে? ১

খ. পুকুর থেকে রাক্ষুসে মাছ অপসারণ করতে হয় কেন? ২

গ. ইব্রাহিম কীভাবে তার পুকুর মাছ চাষের উপযোগী করবে? ৩

ঘ. মৎস্য কর্মকর্তার শেষের মন্তব্যটির গুরত্ব বিশ্লেষণ করো। ৪

৭। সোহেল স্যার বলেন "মৎস্য স্পদ সংরক্ষণে মাছের অভয়াশ্রম ও মৎস্য সংরক্ষণ আইনের বিকল্প নাই। "সরপুঁটি মহাশোল, রানি, মেনি ইত্যাদি মাছ সংরক্ষণে হাওড়, বিল এলাকায় মৎস্য অধিদপ্তর অভয়াশ্রম স্থাপন করেছে।

ক. বাংলাদেশে কতটি ঝুঁকিপূর্ণ প্রজাতির স্বাদু পানির মাছ রয়েছে? ১

খ. ইলিশ প্রজনন ক্ষেত্রে মৎস্য সংরক্ষণ আইনটি ব্যাখ্যা করো।২

গ. উদ্দীপকে উল্লেখিত মাছগুলোর সংরক্ষণে মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ড ব্যাখ্যা করো। ৩

ঘ. সোহেল স্যারের উক্তিটি যথার্থ মূল্যায়ন করো। ৪

৮। কাশেম আলী ধান চাষ করে লাভবান না হওয়ায় কৃষি কর্মকর্তার পরামর্শ মোতাবেক ৫০ শতক উঁচু জমি কলা চাষের জন্য তৈরি করেন এক্ষেত্রে সঠিক মাত্রায় জৈব ও রাসায়নিক সার প্রয়োগ করেন। অতঃপর পনি ও অন্যান্য সকল পরিচর্যা এবং রক্ষণাবেক্ষণ যথাযথভাবে সম্পন্ন করেন।

ক. হামপুলিং কী? ১

খ. ধানের উফশী জাতের দুইটি বৈশিষ্ট্য লেখো। ২

গ. কাশেম আলীর কলা চাষে সার প্রয়োগ পদ্ধতি ও সারের পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. কাশেম আলীর উদ্যোগটির লাভবান হওয়ার সম্ভাবনা বিশ্লেষণ করো। ৪

**মডেল টেস্ট- ০৮**

# উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল

**কৃষিশিক্ষা** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড | 1 | 3 | 4 |

**সময় : ২৫ মিনিট** **পূর্ণমান : ২৫**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ক্ষেত থেকে বীজের জন্য যখন ধান কাটা হয় তখন আর্দ্রতা থাকে–**
ⓚ ১৮%–২০% ⓛ ১৮%–৩০%
ⓖ ১৮%–৪০% ⓖh ১৮%–৫০%

২. **ধানের গোড়ায় বসে এক ধরনের ফড়িং পোকা রস চুষে খেলে কোন কীটনাশক প্রয়োগ করতে হয়?**
ক ডায়াজিনন ৬০ খ ডায়াজিনন ১৪
গ ডায়াজিনন ১০০ ঘ ম্যালথিয়ন ৫৭

৩. **কোন ফসলটি সোলানেসি শ্রেণিভুক্ত?**
ক মরিচ খ ধান গ ফুলকপি ঘ পেঁয়াজ

৪. **নিচের কোনটি ডুবন্ত উদ্ভিদ?**
ক শুসনি শাক খ পানিফল
গ আড়াইল ঘ নাজাস

৫. **নদীভাঙন প্রবণ জেলা কোনটি?**
ক ঢাকা খ সিরাজগঞ্জ গ নরসিংদী ঘ চট্টগ্রাম

৬. **ভূমিক্ষয়ের ফলে–**
i. মাটিতে পুষ্টির অভাব দেখা দেয় ii. ফসলের বৃদ্ধিতে ব্যাঘাত ঘটে
iii. মিথ্যা বলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **উত্তরা জাতের বেগুন শতকে কত কেজি ফলন দেয়?**
ক ১৪০ কেজি খ ২০০ কেজি গ ২৫০ কেজি ঘ ৩০০ কেজি

৮. **আলুর জন্য ক্ষতিকর–**
i. নিম্ন তাপমাত্রা ii. মেঘলা আকাশ iii. কুয়াশাচ্ছন্ন আবহাওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৯. **কোন নদীর পলিবাহিত উর্বর সমভূমিতে পাট ভালো জন্মে?**
ক পদ্মা খ মেঘনা গ শীতলক্ষা ঘ তিস্তা

১০. **হাঁস-মুরগির রেশন তৈরির জন্য বিবেচ্য বিষয়গুলো হলো–**
i. পুষ্টিমান ii. প্রাপ্যতা iii. বাজারদর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১. **মৎস্য খামারে পুকুরে পোনা মজুদকালীন সময়ে নিচের কোন উপকরণটি প্রয়োজন?**
ক চুন খ জৈব সার গ থার্মোমিটার ঘ সেক্কিডিস্ক

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জহির সাহেব তাঁর ৩৫ শতকের একটি পুকুরে হাঁস ও মাছের সমন্বিত চাষের সিদ্ধান্ত নিলেন।

১২. **জহির সাহেব কয়টি উন্নত জাতের হাঁস পুকুরে পালন করতে পারবেন?**
ক ৩৫টি খ ৭০টি গ ১০৫টি ঘ ১৪০টি

১৩. **জহির সাহেবের হাঁস ও মাছের সমন্বিত চাষের ফলে–**
i. পুকুরে বাইরে থেকে সার দেওয়ার দরকার হয় না
ii. মাছের জন্য সম্পূরক খাদ্য দেওয়া প্রয়োজন হয় না
iii. পানিতে অক্সিজেনের সমস্যা হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪.

**উদ্দীপকের চিত্র দ্বারা কী বোঝানো হয়েছে?**
ক অভয়াশ্রম খ কচুরিপানার দল
গ সমন্বিত চাষের ঘর ঘ পানির বিষাক্ততা পরীক্ষার পদ্ধতি

১৫. **সাইলেপিটে ঘাস সংরক্ষণের সময় কী ছিটিয়ে দিতে হয়?**
ক ইউরিয়া খ টি এস পি গ ঝোলাগুড় ঘ এম ও পি

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
সহপাড়া গ্রামের আবুল মিয়া তার জমিতে আলু চাষের জন্য জমি চাষ করতে গিয়ে জমিতে বড় বড় ঢেলার সৃষ্টি হলো। অভিজ্ঞ আলু চাষি করিম মিয়া আবুল মিয়াকে বড় বড় ঢেলাগুলো ভেঙে মাটি সমান করার পরামর্শ দিল।

১৬. **আবুল মিয়ার জমিতে উল্লিখিত সমস্যার কারণ কী?**
ক মাটিতে সার প্রয়োগ করা খ মাটিতে রস বেশি থাকা
গ মাটিতে কীটনাশক প্রয়োগ করা ঘ মাটিতে রস না থাকা

১৭. **কৃষি কর্মকর্তার পরামর্শ অনুসরণ করলে–**
i. জমির উর্বরতা বাড়বে ii. বীজ সঠিক জায়গায় অবস্থান করবে
iii. সহজেই অঙ্কুরোদগম হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. **ছাদের ডিজাইনের ওপর ভিত্তি করে কয় ধরনের মুরগির ঘর দেখা যায়?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১৯. **আদর্শ পুকুরের পানির গভীরতা হবে–**
i. ০.৫ মিটার ii. ১.৬ মিটার iii. ১.৮ মিটার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. **উফশী জাতের বৈশিষ্ট্য হলো–**
i. গাছ খাটো ii. গাছ সবুজ iii. গাছ খাড়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **কোনটি শীতকালীন সবজি?**
ক করলা খ টমেটো গ ঝিঙা ঘ ধুন্দল

২২. **দৈনিক ৫ লিটার দুধ দানকারী একটি দুগ্ধবতী গাভিকে শরীর রক্ষণাবেক্ষণের জন্য দৈনিক মোট কত কেজি দানাদার খাদ্য দিতে হবে?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

২৩. **ভূমিক্ষয় রোধের উপায়–**
i. পানি প্রবাহ হ্রাস করা ii. জমি উন্মুক্ত ফেলে রাখা
iii. জৈব সার ব্যবহার করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **দুই রঙা গোলাপের জাত কোনটি?**
ক এলিজাবেথ খ ব্ল্যাক প্রিন্স গ মিরিন্ডা ঘ আইক্যাচার

২৫. **কয়টি দেশি জাতের পাট উদ্ভাবন করা হয়েছে?**
ক ১ খ ২ গ ১৬ ঘ ১৭

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**কৃষিশিক্ষা** (তত্ত্বীয়-সৃজনশীল) বিষয় কোড | 1 | 3 | 4 |

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রিয়া শ্রেণিকক্ষে তার অন্য বান্ধবীদের সাথে খাদ্য সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে আলোচনা করল এবং খাদ্যের গুণগতমান রক্ষার বিভিন্ন দিক লিখে পোস্টার বানিয়ে শ্রেণিকক্ষে টানিয়ে রাখল।
- ক. বীজ কাকে বলে? ১
- খ. ভূমিক্ষয় কীভাবে মাটির উর্বরতা বাড়ায়? ২
- গ. রিয়ার লেখা পোস্টারের বিষয়বস্তু আলোচনা করো। ৩
- ঘ. খাদ্য সংরক্ষণ সংক্রান্ত পদ্ধতির প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো। ৪

২। মফিজ সাহেবের বেশ কয়েকটি পশু ও মৎস্য খামার আছে। তিনি মৎস্য ও পশু সম্পদ অধিদপ্তর হতে মাছের ও গরুর খাদ্য সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করে সফলতা লাভ করেন।
- ক. খাদ্য সংরক্ষণ কাকে বলে? ১
- খ. খাদ্যের গুণগতমান নষ্ট হতে পারে– এমন একটি নিয়ামকের ভূমিকা লেখো। ২
- গ. মফিজ সাহেব ঘাস সংরক্ষণের কোন পদ্ধতি অবলম্বন করলেন তা ব্যাখ্যা করো। ৩
- ঘ. প্রশিক্ষণলব্ধ জ্ঞান কীভাবে প্রয়োগের মাধ্যমে মফিজ সাহেবের সফলতা এসেছে– তোমার মতামত লেখো। ৪

৩। কামাল একজন কৃষক যার বাড়ি ঢাকায়। তিনি তার এক একর জমিতে আলু চাষ করতে আগ্রহী। তাই সে একজন কৃষি কর্মকর্তার পরামর্শ নিলেন। কৃষি কর্মকর্তা তাকে বললেন যে, ভালো ফসল উৎপাদনে জমি চাষ একটি গুরুত্বপূর্ণ বিষয়।
- ক. বীজের আর্দ্রতা কত হলে ভালো হয়? ১
- খ. হে তৈরির জন্য লিগিউম জাতীয় ঘাসের প্রয়োজন কেন? ২
- গ. উদ্দীপকের ফসলটির জমি প্রস্তুত প্রণালী ব্যাখ্যা করো। ৩
- ঘ. কৃষি কর্মকর্তার উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৪। জামাল স্যার তাঁর শিক্ষার্থীদের ব্যবহারিক ক্লাসের অংশ হিসেবে ভোলা কলেজের পাশের একটি মৎস্য খামারে নিয়ে মাছের প্রাকৃতিক খাদ্য উপস্থিতির বিভিন্ন পরীক্ষা করে দেখান। শিক্ষার্থীদের পুকুরে পোনা ছাড়ার বিষয়ে বিশেষ নিয়মের কথা বলেন।
- ক. জু-প্লাংকটন কী? ১
- খ. পুকুরে সার প্রয়োগ করা হয় কেন? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত পরীক্ষাগুলো ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে পুকুরে পোনা ছাড়ার যে বিশেষ নিয়মের কথা বলেছেন তা বিশ্লেষণ করো। ৪

৫। আক্তার সাহেবের লেয়ার মুরগি খামারে ২০০টি বাড়ন্ত মুরগি আছে। খাদ্যের সঠিক ব্যবহার জানতে প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট গেলে খাদ্যের মান ও পরিমাণ বিষয়ে পরামর্শ দেন। এতে আক্তার সাহেব খুবই উপকৃত হন।
- ক. লেয়ার কী? ১
- খ. রোগিং করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
- গ. আক্তার সাহেবের খামারের এক সপ্তাহের খাবারের পরিমাণ নির্ণয় করো। ৩
- ঘ. প্রাণিসম্পদ কর্মকর্তার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৬। গণি মিয়া একজন দরিদ্র জেলে। তার পরিবারের সদস্য সংখ্যা বেশি হওয়ায় কষ্টে দিনগুলো কাটে। অক্টোবর মাসে তিনি মেঘনা নদী থেকে ইলিশ মাছ ধরে স্থানীয় বাজারে বাজারজাত করেন।
- ক. আঁতুরে পুকুর কাকে বলে? ১
- খ. আদর্শ পুকুরের চারটি বৈশিষ্ট্য লেখো। ২
- গ. গণি মিয়া মৎস্য সংরক্ষণ আইনের কোন কোন বিধি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জেলেরা যাতে মৎস্য আইন মেনে চলে এই জন্য কী কী ব্যবস্থা নেওয়া যেতে পারে বলে তুমি মনে করো তা লিপিবদ্ধ করো। ৪

৭। মনোজ বেপারী একদিন তার ধান ফসলের মাঠ পরিদর্শনে গেলেন। তিনি দেখলেন অধিকাংশ গাছের পাতার রং হালকা সবুজ এবং পাতার কিনারা হালকা হলুদ হয়ে যাচ্ছে। এমতাবস্থায় তিনি একজন কৃষি কর্মকর্তার নিকট প্রয়োজনীয় পরামর্শের জন্য গেলেন।
- ক. কুশী কী? ১
- খ. চারা তোলার পূর্বে বীজতলা ভিজিয়ে রাখতে হয় কেন? ২
- গ. মনোজ বেপারীর মাঠ ফসলের কী সমস্যা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা থেকে পরিত্রাণের উপায় বিশ্লেষণ করো। ৪

৮। ১০০ শতক/এক একর একটি জমিতে পুকুর সংস্কার করে সেখানে সমন্বিত পদ্ধতিতে মাছ চাষের সিদ্ধান্ত নিয়ে কিছু হাঁস ও কার্প জাতীয় মাছের পোনা সংগ্রহ করে ঐ পুকুরে মজুদ করে।
- ক. ধানী পোনা কাকে বলে? ১
- খ. সমন্বিত মাছ চাষ পদ্ধতিতে ঝুঁকি কম কেন? ২
- গ. এক একর আয়তনের পুকুরের হাঁস ও মাছের সংখ্যা নির্ণয় করো। ৩
- ঘ. হাঁস ও মাছ নির্বাচনের ক্ষেত্রে তোমার মতামত লেখো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ |
| | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | | |

## ■ মডেল টেস্ট-০২ : মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | | |

## ■ মডেল টেস্ট-০৩ : মুকুল নিকেতন স্কুল, ময়মনসিংহ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | | |

## ■ মডেল টেস্ট-০৪ : রংপুর জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক |
| | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | | |

## ■ মডেল টেস্ট-০৫ : সেন্ট প্ল্যাসিড্স স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ |
| | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | | |

## ■ মডেল টেস্ট-০৬ : সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ |
| | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | | |

## ■ মডেল টেস্ট-০৭ : ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ |
| | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | | |

## ■ মডেল টেস্ট-০৮ : উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | | |